

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ জুলাই ২০২২ খ্রি.

ইসহাক মিয়ার মৃত্যুবার্ষিকী উপলক্ষে শ্রদ্ধা নিবেদনকালে মেয়র
৭১ সালে পাকিস্তানি যুদ্ধ জাহাজ প্রতিরোধে
ইসহাক মিয়ার অবদান পাথেয় হয়ে থাকবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মুহাম্মদ ইসহাক মিয়া তাঁর সারা জীবন এই দেশের মানুষের ভাগ্য উন্নয়নের জন্য উৎসর্গ করেছিলেন। বঙ্গবন্ধুর একনিষ্ঠ সোনালী হিসেবে এই দেশের সমৃদ্ধির জন্য কাজ করেছেন। তাঁর মতো ত্যাগী নেতা পাওয়া এখন বিরল। আজ রবিবার সকালে মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য ও সাবেক সংসদ সদস্য মুহাম্মদ ইসহাক মিয়ার ৫ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে হাজী পাড়াস্থ তাঁর কবরে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদনকালে তিনি এ কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন চসিক কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, নাজমুল হক ডিউক, আবদুস সালাম মাসুম, গোলাম মোহাম্মদ জোবায়ের, মো. সলিমউল্লাহ বাচ্চু, আতাউল্লা চৌধুরী, মো. শেখ জাফরুল হায়দার চৌধুরী, মোহাম্মদ জাবেদ, মোহাম্মদ ইলিয়াছ, মো. এসরারুল হক, সংরক্ষিত কাউন্সিলর জাহেদা বেগম পপি ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

এ সময় মেয়র আরো বলেন, ইসহাক মিয়া আপদক মস্তক একজন গুনি রাজনীতিবিদ হিসেবে সফলতার পরিচয় দিয়েছেন। তিনি ১৯৭১ সালে পাকিস্তানি যুদ্ধ জাহাজ 'সোয়াত' যখন নিরস্ত্র বাঙালী নিধনে চট্টগ্রাম বন্দরে অবস্থান নিয়েছিল সে সময় জাহাজ থেকে অস্ত্র খালাসে প্রতিরোধ গড়ে তুলেছিলেন মুহাম্মদ ইসহাক মিয়া। তাঁর এই কৃতি গৌরবগাথা হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। তিনি ৮৬ বছর বয়সে ও অসুস্থ শরীর নিয়েও আওয়ামী লীগের প্রতিটি কর্মকাণ্ডে সাথে সক্রিয় ছিলেন।

বেষ্ট বিউটি এক্সপার্ট-২০২১ ওয়ার্কশপ অনুষ্ঠানে মেয়র
নারী সমাজকে অবহেলা করার সুযোগ নেই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নারী সমাজ বর্তমানে ঘরে বসে নেই। অফিস-আদালত, ব্যবসা-বাণিজ্য সর্বক্ষেত্রে তাদের অবস্থান সুসংহত করেছে। একসময় যাদের বলা হলো অবলা। আজ সেই নারীই প্রধানমন্ত্রী ও বিচারপতির আসনে আসীন। তাই নারীকে কোন ভাবেই অবহেলা করার সুযোগ নেই। আজ রবিবার বিকেলে স্টেশন রোডস্থ হোসেট সৈকতে বেষ্ট বিউটি এক্সপার্ট-২০২১ ওয়ার্কশপ চট্টগ্রাম জেলার অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

উদ্যোক্তা তুর্ক নাসিরের সভাপতিত্বে চার দিনব্যাপী ওয়ার্কশপের উদ্বোধন করেন এটিএন বাংলা ও এটিএন নিউজের চেয়ারম্যান ড. মাহফুজুর রহমান। এতে বক্তব্য রাখেন প্রেস ক্লাবের সভাপতি আলী আব্বাস, ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মীর মোতাহের হোসেন প্রমুখ।

মেয়র আরো বলেন, বর্তমান সরকার নারী বান্ধব সরকার। এই সরকারের সময়ে বহু নারী উদ্যোক্তা সৃষ্টি হয়েছে। যারা সফলতা মাধ্যমে দেশের সুনাম অর্জনসহ অনেক বেকারের কর্মসংস্থানের ক্ষেত্র তৈরী করেছেন।

অনুষ্ঠানের উদ্বোধক এটিএন বাংলার চেয়ারম্যান মুক্তিযোদ্ধা ড. মাহফুজুর রহমান বলেন, আমাদের মহান মুক্তিযুদ্ধের চেতনা ছিল নারী-পুরুষের বৈষম্যহীন একটি সমাজ প্রতিষ্ঠা করা। জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নারী বান্ধব হওয়ায় সেই বৈষম্য এখন নেই বললেই চলে। তিনি নারী উদ্যোক্তাদের উৎসাহিত করতে এটিএন বাংলা ও এটিএন নিউজ চ্যানেলে শিক্ষণীয় বিভিন্ন অনুষ্ঠান প্রচার করে নারী সমাজকে সহযোগিতা করবেন বলে আশ্বাস প্রদান করেন।

চসিক ভ্রাম্যমান আদালত
অবৈধ স্থাপনা উচ্ছেদ ও এডিস মশার বিস্তার রোধে
১৯ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর পশ্চিম বাকলিয়া ওয়ার্ডে ডিসি রোডস্থ আফগান মসজিদ সংলগ্ন রাস্তায় চলাচলের প্রতিবন্ধকতা অপসারণ করে রাস্তাটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। একই অভিযানে রাহাতারপুল এলাকায় নির্মাণাধীন ভবনের এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানি উৎস পাওয়ায় মোঃ জাকের নামক ভবন মালিককে ৫ হাজার টাকাসহ শাহ আমানত সেতু সড়কের ফুটপাথ দখল করে দোকানের কাঠ রেখে চলাচলে জনদুর্ভোগ সৃষ্টি করার দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩